# বেসিক ব্যাংক লিমিটেড

শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক
আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম।

## বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

অর্থ ঋণ আদালত আইন ২০০৩ (সংশোধন ২০১০)-এর ধারা ১২(৩)অনুযায়ী

**সোনালী ষ্টীল এন্টারপ্রাইজ লিমিটেড,** রেজিষ্টার্ড ঠিকানা: ১২৩, ফৌজদারহাট ষ্টেশন রোড, ভাটিয়ারী, সীতাকুন্ড, চট্টগ্রাম এবং যার কারখানার ঠিকানা : ফুলতলা বাজার, সোনাইছড়ি, বারো আউলিয়া, সীতাকুন্ড, চট্টগ্রাম এর পক্ষে চেয়ারম্যান জনাব মো: আসলাম চৌধুরী, মজিদ চৌধুরী বাড়ী, রাস্তা নং/নাম : দক্ষিণ ভাটিয়ারী, ডাকঘর: ভাটিয়ারী: ৪৩১৫, সীতাকুন্ড, চট্টগ্রাম এর নিকট বেসিক ব্যাংক লিঃ, আগ্রাবাদ শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত **১৬.০৬.২০২৫** অনুযায়ী গ্রাহকের মোট দায় **৩২,৭৯,৫৮,৫৪২.২৯ টাকা (বত্রিশ কোটি উনআশি লক্ষ আটান্ন হাজার পাঁচশত বিয়াল্লিশ টাকা উনত্রিশ পয়সা) টাকা** সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**শর্তাবলীঃ**

১) প্রত্যেক দরপত্র দরদাতার নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অক্ষরে ও কথায় লিখিয়া এবং দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে।

২) দরপত্র আগামী **২৮-০৭-২০২৫ ইং** তারিখ বেলা ৩.০০ ঘটিকার মধ্যে নিম্ন বর্ণিত ঠিকানায় রক্ষিত দরপত্র বাক্সে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে জমা দিতে হইবে।

৩) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ বেসিক ব্যাংক লিঃ, চট্টগ্রাম শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৪) অনূর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।

৪। দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।

৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে ।

৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত/স্বত্তের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

১০) কোন কারন দর্শানো ব্যতিরেকে হস্তান্তর দলিল সম্পাদন হওয়ার পূর্ব পর্যন্ত দরপত্র বাতিল করিবার অধিকার বেসিক ব্যাংক লিঃ সংরক্ষণ করে। আদালতের কোন আদেশ অথবা রায়ের কারনে দরপত্র বাতিল করার ক্ষেত্রে সফল দরদাতাকে শুধুমাত্র তাঁহাদের জমাকৃত টাকা ফেরত দেওয়া হইবে। দরপত্র গৃহীত হয় নাই এমন দরপত্র দাতাদেরকে তাঁহাদের জামানতের টাকা যথাশীঘ্র সম্ভব (১ম ও ২য় সর্বোচ্চ দরদাতা ব্যতিরেকে) ফেরত দেওয়া হইবে।

১১) দরদাতাগণ বা তাঁহাদের প্রতিনিধিগণ (যদি উপস্থিত থাকেন) এর সম্মুখে আগামী **২৮-০৭-২০২৫ ইং** তারিখে বিকেল ৩.০০ ঘটিকায় ২ নং শর্তে উল্লেখিত বেসিক ব্যাংক লিঃ এর আগ্রাবাদ শাখায় দরপত্র বাক্স খোলা হইবে। কৃতকার্য দরদাতাকে অবশ্যই দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ১২০ দিবসের মধ্যে দলিল সম্পাদন করিতে হইবে, অন্যথায় সমুদয় মূল্য বাজেয়াপ্ত হইবে।

১২) কৃতকার্য দরদাতাকে দলিল সম্পাদনের যাবতীয় দায়িত্ব এবং সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ সহ ট্যাক্স ও অন্যান্য খরচাদি বহন করিতে হইবে। দলিল সম্পাদনের পর কোন অভিযোগ গ্রহনযোগ্য হইবে না।

১৩) অসফল দরপত্র দাতাদের জামানতের অর্থ ফেরৎ দেওয়া হইবে।

**নিলামকৃত সম্পত্তির তফসিল বিবরণ**

| SL No | Area of Land (decimal) | Mouza | Sub-Registry | District | Khatian, Dag and others |
|---|---|---|---|---|---|
| 1 | 13.00 | South Sonaichari, | Sitakund | Chattogram | R.S. khatian No. 783, P.S.khatian No. 761, RS & PS plot No.2476(part), corresponding to B.S. khatian No.198, part of B.S. plot No.725 |
| 2 | 28.83 | South Sonaichari, | Sitakund | Chattogram | R.S. khatian No. 853 and 852, P.S. khatian No.830 and 829, part of RS/PS plots No. 2483 and 2481. |
| 3 | 5.50 | South Sonaichari, | Sitakund | Chattogram | R.S. khatian No. 852/2, P.S. khatian No.829, RS/PS plot No.2481 and 2482, corresponding to BS khatian No.73 , BS plot No.727. |
| 4 | 4.00 | South Sonaichari, | Sitakund | Chattogram | R.S. khatian No. 783, P.S. khatian No. 761, RS/PS plot No. 2476 corresponding to BS plot No. 726 |
| 5 | 10.50 | South Sonaichari, | Sitakund | Chattogram | R.S.khatian No. 783 and 1018, PS khatian No. 761 and 979, part of RS/PS plot No. 2476 and 2128. |
| 6 | 16.00 | South Sonaichari, | Sitakund | Chattogram | R.S. khatian No. 108, P.S. khatian No.113, RS/PS plots No.5204 and 5199 corresponding to original BS khatian No. 270, BS Mutation khatian No. 454, B.S. plots No.1745 and 1743 |
| 7 | 53.00 | South Sonaichari, | Sitakund | Chattogram | R.S. khatian No.322,PS khatian No.331,part of RS/PS plot No.5203 corresponding to original BS khatian No. 270, B.S. Mutation Khatian No. 270/1, part of BS plots No.1746 and 1748 |
| 8 | 9.00 | South Sonaichari, | Sitakund | Chattogram | R.S. khatian No. 109, P.S.khatian No.113, RS/PS plots No.5184,corresponding to original BS khatian No.91, BS Mutation khatian No. 454,BS plot No.1724 |
| 9 | 29.00 | South Sonaichari, | Sitakund | Chattogram | RS Khatian No. 322, PS khatian No.331, RS/PS plot No.5200 corresponding to original BS khatian No. 91, Mutation BS khatian No.454, part of BS plots No.1743,1745 and 1747 |
| 10 | 26.00 | Masjidda, | Sitakund | Chattogram | R.S.khatian No.1703, 863, 121 and 867, R.S.plot No. 7803,7839,7844, 7856, 6942 and 7883 corresponding to B.S. khatian No. 2030, B.S.plot No.8709,8766,9555,8801,9565 and 9597 |
| 11 | 200.00 | Naralia, | Sitakund | Chattogram | R.S. khatian No. 1251, P.S.khatian No.1223, parts of RS/PS plots No.2793, 2761/2826, 2793/2836, 2768 corresponding to original BS khatian No.229.first Mutation BS khatian No. 1654, lates Mutation BS khatian No.1679, part or full of BS plot No. 2305,2330,2398 and 2395 measuring 2.00 acre out of which land of BS plot No.2305 measuring 0.45 acre in one block and land of BS plot No.2330 measuring 1.2025 acre in another block and land of BS plots No.2398 and 2395 measuring 0.3475 acre in separate block. |
| 12 | 32.50 | North Sonaichari, | Sitakund | Chattogram | RS khatian No. 1488 and 1629 part of RS plot No.3989 and 3987 corresponding to BS Khatian No. 260,964, 1383 and 713 Part of BS plot No. 4966, 4968, 4967,4963,4964 and 4960. |
| 13 | 75.00 | Nodalia, | Sitakund | Chattogram | R.S. Khatian No 1158, 1144 B.S. Khatian No 115 B.S. Mutation Khatian No 1678, R.S. and P.S. plot no.2763/2783, BS plot no.2327, 2332 |
| 14 | 53.00 | South Sonaichari, | Sitakund | Chattogram | R.S. Khatian No. 284 and 161, part of R.S/P.S plot No. 1982 and 1987 corresponding to B.S. Khatian No. 388 , B.S Mutation Khatian No. 886, B.S. Plot No. 585 & 578. Boundary of B.S. plot No. 585 North-B.S plot No.578, South- B.S plot No. 588 and 600, East-Plot No. 577 and West-Plot No. 586,587 and 584 Boundary of B.S. plot No. 578 North-B.S plot No.579, South- Part of B.S plot No. 578, East-Plot No. 577 and West-Plot No. 584 |
| 15 | 40.00 | Nodalia | Sitakund | Chattogram | R.S Khatian No. 198, part of R.S. plot No. 1346 corresponding to B.S. Khatian No. 45, B.S Mutation Khatian No. 2144, last Mutation B.S. Khatian No. 2175, B.S. Plot No. 4883 for 40 decimal land , bounded of the North –Self, South-Passage, East-Self and West-Abul Bashar |
| 16 | 27.00 | Krishnapur | Sitakund | Chattogram | R.S Khatian No. 304, R.S. plot No. 1114 corresponding to B.S. Khatian No. 742, Mutation B.S. Khatian No. 1370, last Mutation B.S. Khatian No.1496, B.S. Plot No. 1419 for 27 decimal land , bounded of the North – Self, South-Self, East-Land of another plot and West-Shamsul Alam Chowdhury |
| 17 | 12.00 | Krishnapur | Sitakund | Chattogram | R.S. Khatian No. 347, part of R.S/P.S plot No.1182 corresponding to B.S. Khatian No. 839 Mutation Khatian No. 1496, part of B.S plot No.1427 measuring 12.00 decimal land bounded of the North –Remaining lands of the plot, South-Jalal Ahmed, East-Shamsul Hoque and West-Amir Hossain |
| 18 | 10.47 | South Sonaichari, . | Sitakund | Chattogram | R.S. Khatian No. 992,989,459,754 parts of R.S plot No. 1996, 1997, 2001 to 2006, 1989, 1988, 1994, 1991, 1990, 1992 and 1995 corresponding to B.S Khatian No. 230,232 and 229, B.S. Plots No. 621, 622, 619,620,624 to 627, 592 to 595, 588 to 591, out of which possession in R.S plot No 1994 corresponding to Mutation B.S khatian No. 888, B.S plot No. 595 measuring 10.47 decimal land. |
| 19 | 100.00 | Naya Khali, | Sitakund | Chattogram | R.S. Khatian No. 887/5 corresponding to P.S. Khatian No. 961 Part of R.S. and P.S. plot No. 1154 corresponding to B.S. Khatian No. 234 Mutation Khatian B.S No. 2668, B.S. Plot No. 1012(Part). |
| Grand Total | **744.80** | | | | |

**উপমহাব্যবস্থাপক ও শাখা প্রধান**
আগ্রাবাদ শাখা, পাইন ভিউ, ১০০ আগ্রাবাদ বাণিজ্যিক এলাকা, আগ্রাবাদ চট্টগ্রাম-৪১০০
ফোন : ০২-৩৩৩৩ ২০০৮০, ০২-৩৩৩৩১৪৮২২


**যুগান্তর, ২৭-০৬-২০২৫ ইং**

**আজাদী, ২৭-০৬-২০২৫ ইং**